মহাকবি ভারবি রচিত

কিরাতার্জুনীয়ম্

প্রথম সর্গ

অনুক্রমণিকা, মূলশ্লোক, অন্বয়, বাচ্যান্তর, মল্লিনাথকৃত ঘণ্টাপথ টীকা,
বঙ্গার্থ, ব্যাকরণ, বিষয়মুখী সংক্ষিপ্ত প্রশ্নোত্তর, রচনাভিত্তিক
প্রশ্নোত্তর, ব্যাখ্যা ও শ্লোকসূচী সম্বলিত।
[মডেল প্রশ্নের সমাধান সহ]

শ্রীঅশোক কুমার বন্দ্যোপাধ্যায়

এম. এ. (ডবল) বি. এড., পঞ্চতীর্থ (স্বর্ণপদকপ্রাপ্ত) প্রাক্তন সংস্কৃতাধ্যাপক
মহাদেবানন্দ মহাবিদ্যালয়, ব্যারাকপুর, উত্তর চব্বিশ পরগণা।

পরিবেশক ঃ

বলরাম প্রকাশনী

১০১ সি বিবেকানন্দ রোড, কলকাতা - ৭০০ ০০৬

দাক্ষিণাত্যে এসে বসবাস করতে থাকেন। কবি একবার স্থানীয় শাসক বিষ্ণুবর্ধনের সঙ্গে মৃগয়ায় গিয়ে মাংস খেতে বাধ্য হন। সেই পাপের প্রায়শ্চিত্তের জন্য তিনি তীর্থযাত্রা করেছিলেন। তখনই দুর্বিনীতের সঙ্গে তার পরিচয় হয়। একদিন দুর্বিনীতের কাছে ঐ দেশের রাজা ভারবিরচিত একটি শ্লোক শুনে মুগ্ধ হন এবং কবিকে রাজদরবারে আসন দেন। সূর্যনারায়ণ শাস্ত্রী তাঁর গ্রন্থে কবির জীবনীতে উল্লেখ করেছেন, কবি কিছুদিনের জন্য কাঞ্চীরাজ সিংহবিষ্ণুর পুত্র মহেন্দ্র বিক্রমের নিকটও অবস্থান করেছিলেন। আর বিষ্ণুবর্ধন স্বতন্ত্র রাজবংশ স্থাপন করলে ভারবি তাঁর রাজসভাতেও বেশ কিছুদিন ছিলেন।

'অবন্তিসুন্দরী কথা' গ্রন্থে —

'অস্ত্যানন্দপুরং নাম প্রদেশে পশ্চিমোত্তরে।
আর্যদেশশিরোরত্নং যত্রাসন্ বহবো নৃপাঃ ॥
ততোঽভিনিঃসৃতা কাচিৎ কৌশিক ব্রহ্মসন্ততিঃ।
সুরলোকাদিবায়ান্তী পুণ্যতীর্থা সরস্বতী ॥'
"নাসিক্যভুমাবৌৎসুক্যান্ মূলদেব নিবেশিতাম্। ॥
প্রাপ্যাচলপুরং.....রীমধিবসত্যসৌ ॥
তস্যাং নারায়ণস্বামি নাম্না নারায়ণোদরাৎ ॥
দামোদর ইতি শ্রীমানাদিদেব ইবা ভবৎ ॥
স মেধাবী কবিবিদ্বান ভারবিঃ প্রভবো গিরাম্ ॥
অনুরুধ্যাকরোন্মৈত্রীং নরেন্দ্রে বিষ্ণুবর্ধনে ॥'

কবির কাল ঃ

কালিদাসের মত ভারবিও তাঁর কাল সম্পর্কে নীরব। তবে কালিদাসের কালের মত ভারবির কাল বিষয়ে মতান্তর বা সন্দিগ্ধতা নাই। কতকগুলি সাক্ষ্যের সাহায্যে ভারবির একটি সর্বজনস্বীকৃত কাল নির্ণয় করা সম্ভব হ'য়েছে। ঐ সাক্ষ্যগুলির মাধ্যমে ভারবিকে ষষ্ঠ শতকের শেষদিকের কবি বলে মনে হ'য়েছে। প্রধানসাক্ষ্যটি হলো দক্ষিণ ভারতের আইহোল শিলালিপি। এই শিলালিপির লেখক রবিকীর্তি দ্বিতীয় পুলকেশীর আশ্রিত কবি। দ্বিতীয় পুলকেশীর সময় ৬৪২ খৃষ্টাব্দের কাছাকাছি। সুতরাং ভারবির সময় তারও কিছু আগে। এছাড়াও দক্ষিণ ভারতে মান্যপুর নগরে ৬৯৫ শকাব্দে লেখা একটি দানপত্রে কিরাতার্জুনীয়ম্' মহাকাব্যের নামের উল্লেখ আছে এবং পাণিনির অষ্টাধ্যায়ীর টীকাকার — জয়াদিত্য বামন কাশিকাবৃত্তিতে ভারবির নাম উল্লেখ করেছেন। এই সমস্ত উল্লেখও ভারবিকে ৬০০ খৃষ্টাব্দের কাছাকাছি কোন সময়ের কবি বলে নির্দেশ করে। কবির কাল সম্বন্ধে কীথ বলেছেন যে ভারবির কাল ৫০০ থেকে ৫৫০ খৃষ্টাব্দের মধ্যে।

কিম্বদন্তী ঃ যে সমস্ত প্রসিদ্ধ বিষয়ে সাক্ষাৎ ইতিহাস নাই সে সমস্ত ক্ষেত্রে একটি দুটি কিম্বদন্তী প্রায়ই গড়ে ওঠে। আদিকবি বাল্মীকি সম্পর্কে কিংবদন্তীকে কৃত্তিবাস ওঝা তাঁর

বাংলা রামায়ণে স্থান করে দেওয়ায় রামায়ণ রচনার প্রকৃত পটভূমি খানি এখন জনমানস থেকে হারিয়ে গিয়ে সেখানে রত্নাকরের কাহিনীটি স্থান লাভ করেছে।

মহাকবি কালিদাসের কবিত্ব লাভের কাহিনীটিও নিতান্ত অমূলক হ'লেও জনচিত্তে দৃঢ়মূল হয়ে বিরাজ করেছে।

ভারবির সম্পর্কেও অনুরূপ একটি কিংবদন্তী আছে। পূর্বে প্রায় আবালবৃদ্ধ সকলেরই মুখে মুখে এই কাহিনীটি প্রচলিত ছিল। বর্তমানে সংস্কৃত ভাষাচর্চা প্রায় অবলুপ্তির পথে চলে যাওয়ায় এসমস্ত লৌকিক কাহিনীও লোকসমাজ থেকে নিঃশেষ হয়ে যাচ্ছে। সেই কারণেই কাহিনীটি এখানে লিপিবদ্ধ করা হচ্ছে।

ভারতের উত্তর-পশ্চিম অঞ্চলে আনন্দপুর নামক এক গ্রামে শ্রীধর নামে এক নিষ্ঠাবান বিদ্বান ব্রাহ্মণ বাস করতেন। তাঁর পত্নী ছিলেন নামে এবং গুণে সুশীলা। কিছুদিন বাদে তাঁদের কোল আলো করে একটি পুত্র সন্তান জন্মাল। শ্রীধর পুত্রের ভাগ্যবিচার করে দেখলেন এ ভবিষ্যতে যেরূপ মনীষা, প্রজ্ঞা ও খ্যাতির অধিকারী হবে তাতে এ সন্তান কেবল তাদের কোল আর ঘরই আলো করবে না। সূর্যের মত পৃথিবী-আলো করা হবে এর দীপ্তি। তাই নাম দিলেন ভারবি।

ভারবি ধীরে ধীরে বড় হয়, কিন্তু তার বয়সের থেকে বিদ্যা এবং জ্ঞান যেন আরও বেশি তাড়াতাড়ি করে বাড়তে থাকে। মুখে মুখে শ্লোক রচনা করে। আবার যেমন তেমন শ্লোক নয় —— যাতে রস, অলঙ্কার, ছন্দের সুন্দর পরিপাটী আছে। পাড়ার প্রতিবেশীরা ভারবিকে খাতির করে বাড়ি নিয়ে গিয়ে মুখে মুখে তৈরী করা শ্লোক শোনে।

মাতা-পিতার তো আনন্দ হওয়ারই কথা। এই আনন্দকে বেশি করে উপভোগ করার জন্য বাবা ছেলের বিবাহের ব্যবস্থাও করলেন। ভৃগুকচ্ছের অধিবাসী চন্দ্রকীর্তির মেয়ে রসিকার সঙ্গে ভারবির বিবাহ হয়ে গেল।

সেকালের কবি-পণ্ডিতদের চাকুরী বলতে একমাত্র রাজসভায়। সেখানে পৌঁছুতে হলে আগে সামাজিক পরিচিতি গড়ে তুলতে হবে। অতএব সামাজিক অনুষ্ঠানাদিতে কৃতিত্ব প্রদর্শন করা হলো ভারবির প্রাথমিক কাজ। সে হিসাবে তিনি সর্বত্র নিজের গুণপনা দেখিয়ে মানুষের প্রশংসা ও শ্রদ্ধা পেতে শুরু করলেন। কিন্তু এসময় তাঁর বাড়ী থেকেই এক চরম বাধার সৃষ্টি হলো। একদিকে অপরে ভারবির যত প্রশংসা করে, অন্যদিকে তাঁর পিতা ঠিক সেইরূপই নিন্দা করতে থাকেন। তাঁর উক্তি ও রচনার মধ্যে কি কি ত্রুটি আছে সেগুলিকে খুঁজে খুঁজে বার করে প্রায়ই তিনি ভারবিকে অপদস্থ করতে থাকেন।

মানুষ, সহ্যের সীমা অতিক্রম করে গেলে অঘটন ঘটায়। ভারবির ক্ষেত্রেও তাই হ'লো। তিনি রাগে ক্ষোভে হিতাহিত জ্ঞানশূন্য হয়ে একদিন পিতাকে হত্যা করবে বলেই মনস্থ করে।

সেদিনটি ছিল পূর্ণিমা। পূর্ণিমার রাত্রিতে চারদিক চাঁদের জ্যোৎস্নায় আলো-ঝলমল করছে। এক ভারবির মনে অমাবস্যার ঘোর অন্ধকার। আজ সে নিজের পিতাকে

নিজের হাতে হত্যা করবে। পিতা-মাতা ঘরে শুতে গেলেন। ভারবিও দরজার কাছে হাতিয়ার নিয়ে তাঁদের ঘুমানর সময়ের জন্য অপেক্ষা করতে লাগল। এমন সময় ভারবির কানে এল এক অদ্ভুত শব্দ। ঘরের ভিতর শুয়ে শুয়ে তার পিতা তার মাকে বলছেন যে, আজকের এই জ্যোৎস্নার থেকেও আমার ভারবির বুদ্ধি বেশি স্বচ্ছ। মাও স্বামীর মুখে পুত্রের এরূপ প্রশংসা শুনে অবাক। প্রথমে ভাবলেন ব্যঙ্গ বা উপহাস করছেন। কিন্তু স্ত্রীর প্রশ্নের উত্তরে বললেন, না। ব্যঙ্গ বা উপহাস নয়। আমি জানি ভারবি এখন সকলের থেকে শ্রেষ্ঠ। কিন্তু যদি আমিও তার প্রশংসা করি, তাহলে তার মনে অহঙ্কার জন্মাবে, আর তার ফলে তার অবনতিই ঘটবে। তাই তাকে আরও বড় আরও উন্নত করার জন্যই তার নিন্দা করে তার জ্ঞান আহরণের জেদটাকে বাড়িয়ে দিই।

পিতার এই কথা শুনে ভারবি লজ্জায় অনুতাপে মর্মাহত হয়েও আর দূরে না থেকে নিজের দুষ্ট অভিপ্রায়ের কথা পিতাকে জানিয়ে পিতার কাছেই প্রায়শ্চিত্তের বিধান চাইলেন। পিতা পুত্রের কাতরতায় মুগ্ধ হয়েও তার আরও চিত্তশুদ্ধির জন্য বিধান দিলেন যে, তাকে এক বৎসর শ্বশুরবাড়ীতে থেকে সাধারণ ভৃত্যের মত গো পরিচর্যা করতে হবে।

পিতার আদেশমত ভারবী স্ত্রীকে নিয়ে শ্বশুরবাড়ীতে গিয়ে গো পরিচর্যার কাজ শুরু করলেন। স্থির হলো তিনি স্ত্রীকে নিয়ে গোয়ালঘরেই থাকবেন এবং সাধারণ ভৃত্যকে যেমন খাবার দেওয়া হয়, তাই তিনি নিয়ে দুজনে ভাগ করে খাবে। এই খাওয়ার পর আর কোনও আহার্য নাই। ফলে দেহ-মন দুইই দিন দিন ভেঙে পড়ছে। অবশেষে একদিন আর অভাবের পীড়ন সহ্য করতে না পেরে একটি পাতায় একটি শ্লোক লিখে স্ত্রীকে বেচতে পাঠালেন। সৌভাগ্যবশতঃ বর্ধমান নামক এক বণিকের স্ত্রী সেটি কিনে নিলেন। এসময় থেকেই ভারবির ভাগ্য পরিবর্তনের সূচনা হলো।

বণিক পত্নীর অর্থ আছে, কিন্তু সুখ নাই। গত পনর বছর আগে তাঁর স্বামী বাণিজ্য করতে গিয়ে আর ফেরেন নি এবং তার কোনরূপ সংবাদও পাওয়া যায় নি। তাই বণিক পত্নী তখন পনের বছরের একমাত্র সন্তান ও সাহিত্য নিয়েই সময় কাটান। তিনি ঐ শ্লোকটি নিজের খাটের পাশে সুন্দর করে স্বর্ণাক্ষরে লিখে রেখেছিলেন।

এই ঘটনার কয়েকদিন পরেই বণিক ঘটনাক্রমে মধ্যরাত্রিতে নিজের বাড়ীতে উপস্থিত হলেন। কিন্তু এসে দেখলেন ঘরের মধ্যে একই বিছানায় তাঁর স্ত্রী ও একটি সুন্দর তরুণ শুয়ে ঘুমাচ্ছে। বণিক সঙ্গে সঙ্গে স্থির করলেন এই ব্যাভিচারিণী স্ত্রীকে আগে হত্যা করবে তারপর ঐ তরুণকেও। তরবারি নিয়ে দরজা খুলে ঢোকার সঙ্গে সঙ্গে চোখে পড়ল সেই শ্লোকটি যার শেষ পাদটি হ'লো — 'সহসা বিদধীত ন ক্রিয়ামবিবেক-পরমাপদাং পদম্ ॥ (কি.২।৩০) যার অর্থ হলো — সহসা কোন কিছু করা উচিত নয়, বিবেকহীনতা হচ্ছে সমস্ত বিপদের আকর।

বণিক থেমে গেলেন। তরবারি রেখে দিয়ে ঘুমন্ত স্ত্রীকে জাগালেন। স্ত্রী ঘুম থেকে চোখ মেলে স্বামীকে সামনে দাঁড়িয়ে থাকতে দেখে আনন্দে কি করবে ভেবে না পেয়ে

— প্রথমেই ছেলেকে ডাকতে লাগলো, দ্যাখ, দ্যাখ, দ্যাখ তোর বাবা এসেছে। স্বামীকেও বললেন, তোমার ছেলেকে দ্যাখ — কত বড় হয়েছে। তুমি তো সেই গর্ভে আছে দেখে গেছ।

বণিক এবার স্থির হয়ে গেছে। সে হাসবে না কাঁদবে? মনে মনে ভাবেন যে, এখনি সে কতবড় সর্বনাশ করতে যাচ্ছিল! কিছুক্ষণ বাদে সম্বিৎ ফিরে পেয়ে প্রশ্ন করলেন, ঐ শ্লোকটি কোথা থেকে পেল? ঐ শ্লোকটিই আজ আমায় সর্বনাশের হাত থেকে বাঁচিয়ে সুখের আস্বাদ দিয়েছে। বণিক পত্নী ভারবির দুরবস্থার কথা জানতেন বলেই শ্লোকটি কিনেছেন একথা শোনা মাত্র বণিক স্ত্রীকে নিয়ে ভারবির কাছে গিয়ে প্রচুর ধনরত্ন দিয়ে আসেন।

এরপর ভারবি বৎসরান্তে যখন বাড়ি ফিরলেন তখন তাঁর নিকট ছিল বণিকের দেওয়া প্রচুর ধন এবং 'কিরাতার্জুনীয়ম্' নামক অমূল্য রত্ন। তিনি ঐ গো-পরিচর্যার সময়ই কাজের ফাঁকে ফাঁকে 'কিরাতার্জুনীয়ম্' মহাকাব্যটি রচনা করেছিলেন।

কবির রচনা ঃ

ভারবির একটিমাত্র রচনা 'কিরাতার্জুনীয়ম্' মহাকাব্য। সংখ্যায় একটি হ'লেও গুণগত উৎকর্ষে ঐ একটি কাব্যই কবিকে খ্যাতির শীর্ষে আরোহণ করিয়েছে। অষ্টাদশ সর্গে রচিত 'কিরাতার্জুনীয়ম্' মহাকাব্যের কাহিনী মহাভারতের বনপর্ব থেকে নেওয়া। কেউ কেউ বলেন মহাশিবপুরাণ এই কাহিনীর উৎস। কিন্তু একথা সর্বজন স্বীকৃত নয়। কবির কাহিনীবিস্তারের সঙ্গে মহাভারতের কাহিনীবিন্যাসের কিছু অমিল আছে। আলঙ্কারিকদের বিচারে মহাকাব্য রচনায় কবির কল্পনায় কিছু নতুনত্বের সৃষ্টি হতে পারে। কবির সে স্বাধীনতা আছে।

রচনার বিষয়বস্তু ঃ

বনবাসকালে পাণ্ডবদের দ্বৈতবনে থাকার সময় সেখানে ব্যাসদেব এসে শিবের কাছ থেকে অস্ত্রলাভ করার জন্য অর্জুনকে ইন্দ্রকীল পর্বতে তপস্যা করার নির্দেশ দেন। তাঁর নির্দেশে অর্জুন ইন্দ্রকীল পর্বতে গিয়ে কঠোর তপস্যা করতে থাকেন। অর্জুনের তপস্যা দেখে দেবতারা ভয় পেয়ে শিবের শরণাপন্ন হন। দেবতাদের প্রার্থনায় একদিন শিব ও পার্বতী কিরাতের বেশে অর্জুনের নিকট উপস্থিত হন এবং একটি বরাহকে তীরবিদ্ধ করার ব্যাপার নিয়ে কিরাত ও অর্জুনের মধ্যে যুদ্ধ বাধে। ঐ যুদ্ধে অর্জুনের বীরত্বে সন্তুষ্ট হয়ে কিরাতরূপী মহাদেব অর্জুনকে পাশুপত অস্ত্র দান করেন।

রচনাশৈলী ঃ

ভারবির অসামান্য জনপ্রিয়তা ও অসাধারণ প্রতিভার একমাত্র প্রতিভূ 'কিরাতার্জুনীয়ম্', কাব্যের মূল উপাদানটুকু তিনি মহাভারতের বনপর্ব বা শিবপুরাণ

থেকে সংগ্রহ করে যে কল্পনার সূক্ষ্ম জালখানি বিস্তার করেছিলেন তাতে দীর্ঘ আঠারটি সর্গ পরিব্যাপ্ত হয়েছে। তাতে একদিকে যেমন গুরুগম্ভীর নীতিবিজ্ঞান, কূটরাজনীতি ও ওজোগুণসম্পন্ন বীরধর্ম তথা ক্ষাত্রধর্ম সম্পর্কে দীর্ঘ ও সুষ্ঠু আলোচনায় বৈদগ্ধ্যের স্বাক্ষর রেখেছেন, তেমন অপরদিকে বন, পর্বত, শরৎ প্রভৃতি নিসর্গ দৃশ্য বর্ণনার অবসরে এমন নিখুঁত কথাচিত্র এঁকেছেন যে, যাতে এটিকে কবির কাব্যভূমির কল্পবৃক্ষের ফসল বলে অভিহিত করা যায়।

কবির কল্পনাবিলাসবশতঃ এই কাব্যে এক এক স্থলে অলৌকিকতা অধিকমাত্রায় আরোপিত হওয়ায় বাস্তবতা ক্ষুণ্ণ হলেও কাব্যসুষমার হানি ঘটেছে বললে তাঁর রচনার বিরুদ্ধে অমূলক অপবাদ করা হয়। তাঁর কাব্যারম্ভে শ্রী ও প্রতি সর্গের শেষে 'লক্ষ্মী' শব্দের প্রয়োগ তাঁর কবিত্ব শক্তিরই পরিচায়ক। তিনি ছিলেন শব্দযাদুকর। ফলে তিনি একটি বর্ণ ও দুটি বর্ণকে নিয়ে যে শ্লোক রচনা করেছেন তা বিস্ময়াবহ। তার একটি নিদর্শন —

'ন নোননুন্নো নুন্নো নো নামা নানাননা ননু।
নন্নোহনুন্নো ননুন্নেনো নানেনা নুন্ননুন্ননুৎ' ॥ ১৫।১৪

পঞ্চদশসর্গে শব্দকে স্বেচ্ছামত প্রয়োগ করে অনেকসময় এমন এক কৃত্রিম বন্ধের সৃষ্টি করেছেন যা একমাত্র ভারবির দ্বারাই সম্ভব। এজাতীয় একটি শ্লোক —

'দেবাকানি নিকাবাদে বাহিকা স্ব স্বকাহির্বা।
কাকারেভভরে কাকা নিস্বভব্য ব্যভস্বনি' ॥ ১৫।২৪

এ জাতীয় শ্লোকগুলির জন্য বিরুদ্ধ সমালোচকগন কৃত্রিম শব্দসজ্জার অপচেষ্টা বলে নিন্দা করলেও শ্লোকগুলির অর্থপ্রাধান্য বিচার করলে ঐ নিন্দাবাদ স্তুতিবাদে রূপান্তরিত হয়। ভারবির সংক্ষিপ্ত অর্থভূয়িষ্ট শব্দ-প্রয়োগ দক্ষতাকে অভিনন্দিত ক'রে প্রথিতযশা টীকাকার মল্লিনাথ বলেছেন, ভারবির কাব্য কঠিন বহিরাবরণযুক্ত অন্তঃসারবিশিষ্ট নারিকেল ফল তুল্য —

'নারিকেল ফল সম্মিতং বচো ভারবেঃ সপদি তদ্‌বিভজ্যতে।
স্বাদয়ন্তরসগর্ভ নির্ভরং সারমস্য রসিকা যথেপ্সিতম্' ॥

অন্য এক কবি ভারবির বাণীকে বকুলফুলের মালার সঙ্গে তুলনা করেছেন —

'বিমর্দব্যক্তসৌরভ্যা ভারতী ভারবেঃ কবেঃ।
ধত্তে বকুলমালেব বিদগ্ধানাং চমৎক্রিয়াম্' ॥

একসময় ভারবি একটিমাত্র শ্লোকের সাহায্যে 'ছত্র ভারবি' নামে প্রসিদ্ধি লাভ করেছিলেন। সেই শ্লোকটি হলো —

'উৎফুল্লস্থলনলিনী নীবনাদমুষ্মাদুদ্ধুতঃ সরসিজসম্ভবঃ পরাগঃ।
বাত্যাভির্বিয়তি বিবর্তিতঃ সমন্তাদাধত্তে কনকাময়াতপত্রলক্ষ্মীম্' ॥ ৫।৩৯

ভারবি তাঁর কাব্যে কবিত্বশক্তির পাশাপাশি ব্যাকরণশাস্ত্র, অলঙ্কারশাস্ত্র ও ছন্দঃশাস্ত্রের যে পাণ্ডিত্য প্রদর্শন করেছেন তার প্রতিকূল সমালোচনা থাকলেও একবাক্যে

বলা যায় তা অননুকরণীয়। তাঁর ঐ বিশাল মহাকাব্যে 'আজন্মে রিষম বিলোচনস্য বক্ষঃ' বাক্যে 'আজন্মে' পদটির প্রয়োগ ছাড়া দ্বিতীয় ব্যাকরণগত অশুদ্ধি নাই। তিনি তাঁর কাব্যে স্বেচ্ছামত শব্দকে গ্রথিত করে যে গোমূত্রিকাবদ্ধ, সর্বতোভদ্র, অর্ধভ্রমক প্রভৃতি চিত্রবন্ধ রচনা করেছেন তা সংস্কৃত রসসাহিত্যের সম্পদ স্বরূপ।

ভারবি পঞ্চদশ সর্গে এমন শব্দের খেলায় মেতেছিলেন যাতে তাঁকে কূট কবি মনে হতে পারে। কিন্তু আসলে তিনি কূট কবি নন, তিনি ইচ্ছা করলে কত সহজ হতে পারেন তার প্রমাণ — প্রায় প্রবাদ বাক্যে পরিণত তাঁর অসংখ্য সূক্তি —

'অহো দুরন্তা বলবদ্ বিরোধিতা।' বিচিত্ররূপাঃ খলু চিত্তবৃত্তয়ঃ।
'সহসা বিদধীত ন ক্রিয়াম্।' 'হিতং মনোহারি চ দুর্লভং বচঃ'।
'দিশত্যপায়ং হি সতামতিক্রমঃ'।

— এরকম মানবজীবনের নানাদিক নিয়ে অসংখ্য সারবান্ বক্তব্য কিরাতার্জুনীয়ম্ কাব্যে ছড়িয়ে আছে — যাদের আধার অর্থান্তর ন্যাস এবং যা কবিকে দান করেছে প্রসিদ্ধ প্রশস্তি — **'ভারবেরর্থ গৌরবম্।'**

অর্থগৌরবে আছে মনন, কিন্তু কবিপ্রতিভার দ্যোতকে তো শুধু মনন নয়, কল্পনাও। কবি কল্পনা বিস্তারে ও উপমা সৃষ্টিতেও হীনবল ছিলেন না। তাঁর 'ছত্রভারবি' উপাধিও উপমাগর্ভ একটি শ্লোকের সুবাদেই তিনি লাভ করেছিলেন।

সুতরাং কালিদাসের কাব্যে যে গভীর মননশীলতা ও অনুভূতির প্রকাশ পাওয়া যায়, তা ভারবির কাব্যে সর্বাংশে না মিললেও বর্ণনাবৈচিত্র্যে, অলঙ্কার পারিপাট্যে ও ছন্দঃসমৃদ্ধিতে সেই অপূর্ণতাকে পরিপূর্ণ করে দিয়েছে। বরং এ কথাও অনস্বীকার্য যে কালিদাস কবিকূলে অনুপম হ'লেও ভাব ও ভাষা অপরূপ প্রকাশভঙ্গীর সঙ্গে যুক্ত হয়ে ভারবির কাব্যে যে নূতন মাধুরী রূপ লাভ করেছে তা কালিদাসের কাব্যেও দুর্লভ। তাই বোধহয় সমালোচকগোষ্ঠী অবশেষে 'উপমা কালিদাসস্য ভারবেরর্থ গৌরবম্' বলে দুটি প্রতিভাকে কাব্য জগতের দুটি পৃথক কোটিতে স্থাপন করেছেন।

বস্তুতঃ ভারবি কেবল অর্থগৌরবের বিশেষ ভঙ্গি দিয়েই জনচিত্তকে পরিতৃপ্ত করতে চেষ্টা করেন নি, উপলব্ধির গভীরতায় 'কিরাতার্জুনীয়ম্'কে রসোত্তীর্ণ কাব্যের মর্যাদা দিয়েছেন।

নামকরণ ঃ

মহাকবি ভারবি এই কাব্যে অর্জুনকে ধীরোদাত্ত নায়ক এবং কিরাতবেশধারী শঙ্করকে প্রতিনায়ক হিসাবে চিত্রিত করেছেন। কাব্যের চরম পরিণতি ঘটেছে কিরাতবেশধারী শঙ্করের সঙ্গে অর্জুনের বিবাদ ও যুদ্ধে এবং ঐ যুদ্ধের দ্বারাই কিরাতের নিকট অর্জুনের দিব্য পাশুপত অস্ত্রলাভ। সুতরাং কাব্যের নামকরণ যথার্থ। প্রকৃতি-প্রত্যয় বিশ্লেষণ করলে হয় — কিরাতশ্চ অর্জুনশ্চ ইতি কিরাতার্জুনৌ = দ্বন্দ্ব। তৌ অধিকৃত্য কৃতং কাব্যম্ ইতি বাক্যে কিরাতার্জুন + ছ = কিরাতার্জুনীয়ম্।

কথাবস্তুসার ঃ

১ম সর্গ ঃ যুধিষ্ঠিরের নিযুক্ত দূত দ্বৈতবনে ফিরে এসে যুধিষ্ঠিরের কাছে দুর্যোধনের রাজ্যশাসন সম্পর্কীয় তার বক্তব্য নিবেদন করল। দ্রৌপদী যুধিষ্ঠিরের নিরুৎসাহতার জন্য ক্ষোভ করে অগ্নিগর্ভবাণীতে তাঁকে যুদ্ধের জন্য প্রস্তুত হতে পরামর্শ দিলেন।

২য় সর্গ ঃ ভীম দ্রৌপদীর বাক্যকে সমর্থন করলেন। যুধিষ্ঠির সকলকে ধীরতা ও সহিষ্ণুতা অবলম্বন করতে নির্দেশ দিলেন। এক সময় ব্যাসদেব সেখানে এলেন।

৩য় সর্গ ঃ ব্যাসদেব অর্জুনকে মহাবিদ্যা দান করে আরও বিশেষ শক্তি ও অস্ত্রলাভের জন্য অর্জুনকে ইন্দ্রকীল পর্বতে তপস্যা করতে যাওয়ার নির্দেশ দিলেন।

৪র্থ সর্গ ঃ অর্জুনের যাত্রাপথে অর্জুনের শরৎশোভা দর্শন।

৫ম সর্গ ঃ অর্জুনের ইন্দ্রকীল পর্বতে আগমন ও গুহ্যকদের উপদেশ।

৬ষ্ঠ সর্গ ঃ অর্জুনের তপস্যায় ভীত গুহ্যকদের অনুরোধে ইন্দ্র অর্জুনের তপস্যায় বিঘ্ন ঘটাবার জন্য অপ্সরাদের প্রেরণ করলেন।

৭ম সর্গ ঃ অপ্সরাদের ইন্দ্রকীল পর্বতে আগমন।

৮ম সর্গ ঃ অপ্সরাদের বনবিহার ও জলকেলি।

৯ম সর্গ ঃ রাত্রিতে অপ্সরাদের মদিরা পান ও কামক্রীড়া।

১০ম সর্গ ঃ ছলাকলায় অর্জুনকে প্রলুব্ধ করার চেষ্টায় ব্যর্থ হয়ে অপ্সরাদের প্রস্থান।

১১শ সর্গ ঃ ইন্দ্র মুনিবেশ ধারণ করে অর্জুনের নিকট এলেন এবং আশীর্বাদ করে মহাদেবের তপস্যা করার জন্য উপদেশ দিয়ে গেলেন।

১২শ সর্গ ঃ অর্জুনের তপস্যার ভয়ে ভীত ঋষিদের প্রার্থনায় শিব তাঁদের আশ্বাস দিলেন যে তিনি কিরাতবেশে অর্জুনের সঙ্গে যুদ্ধ করবেন।

১৩শ সর্গ ঃ অর্জুনের অভিমুখে ধাবিত বরাহের উপর অর্জুন ও কিরাতরূপ শিব উভয়েই বাণ ছোঁড়েন। বরাহ মরল। কিন্তু অর্জুন তাঁর তীর তুলতে গেলে কিরাতদূত এসে তাঁকে ভর্ৎসনা করে।

১৪শ সর্গ ঃ কিরাতসৈন্যদের সঙ্গে অর্জুনের যুদ্ধ হলে কিরাতসৈন্যরা বিধ্বস্ত হ'ল।

১৫শ সর্গ ঃ পুনরায় কিরাতসৈন্যরা যুদ্ধে প্রবৃত্ত হ'লো।

১৬শ সর্গ ঃ শিব ও অর্জুন উভয়েই দিব্যাস্ত্র প্রয়োগ করতে লাগলেন। অর্জুন পরাস্ত হ'লেন।

১৭শ সর্গ ঃ অস্ত্রের ব্যর্থতা দেখে অর্জুন পাথর, গাছের গোড়া প্রভৃতি ব্যবহার করলেন, কিন্তু সে সমস্তও ব্যর্থ হল।

১৮শ সর্গ ঃ শিব ও অর্জুনের মধ্যে শুরু হ'লো মল্লযুদ্ধ। যুদ্ধরত শিব উপরে লাফিয়ে উঠলেন অর্জুন তাঁর পা ধরলেন। শিব স্বরূপ প্রকাশ করলেন। শিব সন্তুষ্ট হয়ে পাশুপত অস্ত্র ও ধনুর্বেদ দান করলেন। অন্যান্য দেবতারাও অর্জুনকে নানারকম অস্ত্র দিলেন। অর্জুন কৃতকার্য হয়ে যুধিষ্ঠিরের কাছে ফিরে গেলেন।

'কিরাতার্জুনীয়ম্' কাব্যের টীকা ও উৎকর্ষ ঃ

ভারবি তাঁর একটিমাত্র সারস্বতকৃতির মাধ্যমেই কবিসমাজে অতুলনীয় প্রাধান্য বিস্তার করেছিলেন। তাঁর কিরাতার্জুনীয়ম্ বিদগ্ধ সমাজকে কতখানি মুগ্ধ করেছিল তা কোনও তুলাদণ্ডে পরিমাপ করা না গেলেও অনুমানের মানদণ্ডে বিচার করা যায় দুটি দিক দিয়ে।

প্রথমতঃ ভারবির এই কাব্যটির টীকাকারের সংখ্যা প্রায় কুড়িজন। কোন অসাধারণ উৎকর্ষ না থাকলে এত সংখ্যক বিদগ্ধ মানুষ এটির পর্যালোচনা করতেন না। এই টীকাকারদের মধ্যে প্রসিদ্ধ চারজন টীকাকারের নাম — গদসিংহ, প্রকাশবর্ষ, ভরত ও মল্লিনাথ। এঁদের মধ্যে মল্লিনাথের ঘণ্টাপথ নামক টীকা বিশ্ববিশ্রুত। তারপরই যে সমস্ত টীকা জনমানসে কিছুটা প্রভাব বিস্তার করেছিল, সেগুলি হলো — চিত্রভানুর শব্দচন্দ্রিকা, দেবরাজ যজ্বার সুখবোধিনী, হরিকণ্ঠের সারাবলী ও বিদ্যামাধবের টীকা।

অপরদিকে বামন, আনন্দবর্ধন, মহিমভট্ট, মম্মট, রুয্যক, ভোজ, বিশ্বনাথ প্রমুখ বিশ্ববিশ্রুত আলংকারিকরা — তাঁদের গ্রন্থে কিরাতার্জুনীয়ম্ থেকে উদ্ধৃতি নিয়েছেন। এর দ্বারা প্রমাণিত হয় যে, এই কাব্যটি নিজ প্রাধান্যে কবি আলংকারিক সকলের সমীহ ও সম্মান লাভ করেছে।

শ্লোক সূচী

[অকারাদিক্রমে]

	সংখ্যা	পৃষ্ঠা
অখণ্ডমাখণ্ডল	২৯	৭০
অথ ক্ষমামেব	৪৪	৯৯
অনারতং তেন	১৫	৪৫
অনারতং যৌ	৪০	৯১
অনেকরাজন্যরথাশ্ব	১৬	৪৬
অবন্ধ্যকোপস্য	৩৩	৭৯
অসক্তমারাধয়তো	১১	৩৮
ইতীরয়িত্বা গিরম্	২৬	৬৫
ইমামহং বেদ ন তাবকীং	৩৭	৮৭
উদারকীর্তেরুদয়ং দয়াবতঃ	১৮	৫০
কথাপ্রসঙ্গেন জনৈঃ	২৪	৬২
কৃতপ্রণামস্য	২	১৭
কৃত্যারিষড়্বর্গজয়েন	৯	৩৪
ক্রিয়াসু যুক্তৈর্নৃপ	৪	২২
গুণানুরক্তামনুরক্ত	৩১	৭৪
তথাপি জিহ্মাঃ স	৮	৩১
তদাশু কর্ত্তুং	২৫	৬৪
দ্বিষন্নিমিত্তা যদিয়ং	৪১	৯৩
দ্বিষাং বিঘাতায়	৩	২০
ন তেন সজ্জং	২১	৫৬
ন সময়পরিরক্ষণং	৪৫	১০০
নিরত্যয়ং সাম ন	১২	৪০
নিশম্য সিদ্ধিং দ্বিষতাম্	২৬	৬৭
নিসর্গদুর্বোধমবোধবিক্লবাঃ	৬	২৭
পরিভ্রমল্লোহিতচন্দন্যচিতঃ	৩৪	৮২
পুরঃসরা ধামবতাং	৪৩	৯৬
পুরাধিরূঢ়ঃ শয়নং	৩৮	৮৮
পুরোপনীতং নৃপ	৩৯	৯০
প্রলীনভূপালমপি	২৩	৫৯
ভবন্তমেতর্হি	৩২	৭৬
ভবাদৃশেষু প্রমদা	২৮	৬৮
মহীভৃতাং সচ্চরিতৈঃ	২০	৫৪
মহৌজসো মানধন্য	১৯	৫২
বনান্তশয্যাকঠিনীকৃতাকৃতী	৩৬	৮৫
বসূনি বাঞ্ছন্ন	১৩	৪২
বিজিত্য যঃ প্রাজ্যম্	৩৫	৮৩
বিধায় রক্ষান্ পরিতঃ	১৪	৪৩
বিধিসময়নিয়োগাৎ	৪৬	১০২
বিশংকমানো ভবতঃ	৭	২৯
বিহায় শান্তিং নৃপ	৪২	৯৫
ব্রজন্তি তে মূঢ়ধিয়ঃ	৩০	৭১
শ্রিয়ঃ কুরূণাম্	১	১৩
স কিংসখা সাধু	৫	২৫
সখীনিব প্রীতিযুজো	১০	৩৬
স যৌবরাজ্যে	২২	৫৮
সুখেন লভ্যা দধতঃ	১৭	৪৮

শ্রীঃ

কিরাতার্জুনীয়ম্

প্রথমঃ সর্গঃ

(১)

দুর্যোধনের রাজ্যশাসন সম্বন্ধীয় তথ্যসমূহ অবগত হয়ে যুধিষ্ঠিরের নিযুক্ত দূত বনেচরের দ্বৈতবনে আগমন।

'শ্রিয়ঃ কুরূণামধিপস্য পালনীং
প্রজাসু বৃত্তিং যময়ুঙ্ক্ত বেদিতুম্।
স বর্ণিলিঙ্গী বিদিতঃ সমাযযৌ
যুধিষ্ঠিরং দ্বৈতবনে বনেচরঃ ॥ ১ ॥

শ্রিয়: কুরুণামধিপস্য পালনীঁ প্রজাসু বৃত্তিং যময়ুঙ্ক্ত বেদিতুম্।
স বর্ণিলিঙ্গী বিদিত: সমাযযৌ যুধিষ্ঠিরং দ্বৈতবনে বনেচর: ॥ ১ ।।

গদ্যপাঠ ঃ কুরূণাম্ অধিপস্য শ্রিয়ঃ পালনীম্ প্রজাসু বৃত্তিম্ বেদিতুম্ যম্ অযুঙ্ক্ত সঃ বর্ণিলিঙ্গী বনেচরঃ বিদিতঃ (সন্) দ্বৈতবনে যুধিষ্ঠিরম্ সমাযযৌ। ১

বাচ্যান্তরম্ ঃ যঃ অযুজ্যত তেন বর্ণিলিঙ্গিনা বনেচরেণ বিদিতেন.....যুধিষ্ঠির সমাযযে। ১

শব্দার্থ ঃ কুরূণাম (কুরুদেশের) অধিপস্য (রাজার) শ্রিয়ঃপালনীম্ (রাজলক্ষ্মী প্রতিষ্ঠার মূলস্বরূপ) প্রজাসু (প্রজাগণের প্রতি) বৃত্তিম্ (ব্যবহার) বেদিতুম্ (জানার জন্য) যম্ (যাকে — যে কিরাতকে) অযুঙ্ক্ত (নিয়োগ করেছিলেন) সঃ বর্ণিলিঙ্গী (সেই ব্রহ্মচারীর বেশধারী) বনেচরঃ (বনেচর বা কিরাত) বিদিতঃ (অবগত হয়ে) দ্বৈতবনে (দ্বৈতনামক বনে) যুধিষ্ঠিরম্ (যুধিষ্ঠিরের নিকট) সমাযযৌ (উপস্থিত হয়েছিল)। ১

বঙ্গার্থ ঃ কুরুরাজ দুর্যোধনের রাজলক্ষ্মী প্রতিষ্ঠার মূল হেতুস্বরূপ প্রজাদের প্রতি ব্যবহার জানার জন্য (যুধিষ্ঠির) যাকে (যে কিরাতকে) নিয়োগ করেছিলেন, ব্রহ্মচারীর বেশধারী সেই বনেচর বা কিরাত (সমস্ত বৃত্তান্ত) জেনে দ্বৈতবনে যুধিষ্ঠিরের নিকট উপস্থিত হয়েছিল। ১

ঘণ্টাপথ টীকা : অথ তত্রভবান্ ভারবিনামা কবিঃ ''কাব্যং যশসেঽর্থকৃতে, ব্যবহারবিদে শিবেতরক্ষতয়ে। সদ্যঃপরনির্বৃতয়ে, কান্তাসম্মিততয়োপদেশযুজে ॥'' ইত্যাদ্যালঙ্কারিক-

वचनप्रामाण्यात् काव्यस्य अनेकश्रेयः साधनताम्, ''काव्यालापांश्च वर्ज्ययेत्'' इति निषेधशास्त्रस्य असत्काव्यविषयताञ्च पश्यन् किरातार्जुनीयाख्यं महाकाव्यं चिकीर्षुः चिकीर्षितार्थाविघ्नपरिसमाप्तिसम्प्रदायाविच्छेदलक्षणफलसाधनत्वात् ''आशीर्नमस्क्रिया वस्तु-निर्देशो वापि तन्मुखम्'' इत्याद्याशीर्वादाद्यन्यतमस्य प्रबन्धमुखलक्षणत्वाच्च वनेचरस्य युधिष्ठिरप्राप्तिरुपं वस्तु निर्दिशन् कथामुपक्षिपति — श्रिय इति। आदितः श्रीशब्दप्रयोगाद् वर्णगणादिशुद्धिः अत्र उपयुज्यते। तदुक्तम् — ''देवतावाचकाः शब्दा ये च भद्रादिवाचकाः। ते सर्वे नैव निन्द्याः स्युर्लिपितो गणतोऽपि वा'' इति। कुरुणां निवासाः कुरवो जनपदाः। ''तस्य निवासः'' इत्यणप्रत्ययः। ''जनपदे लुप्''। तेषामधिपस्य दुर्य्योधनस्य सम्बन्धिनीम्। शेषे षष्ठी। श्रियो राज्यलक्ष्म्याः। ''कर्तृकर्म्मणोः कृति'' इति कर्म्मणि षष्ठी। पाल्यतेऽनयेति पालनी, तां प्रतिष्ठापिकामित्यर्थः। प्रजारागमूलत्वात् सम्पद इति भावः। ''करणाधिकरणयोश्च'' इति सूत्रेण अत्र करणे ल्युट्। ''ढिड्ढाणञ्'' इत्यादिना ङीप्। प्रजासु जनेषु विषये। ''प्रजा स्यात् सन्ततौ जने'' इत्यमरः। वृत्तिं व्यवहारं वेदितुं यं वनेचरम् अयुङ्क्त नियुक्तवान्। वर्णः प्रशस्ति रस्यास्तीति वर्णो ब्रह्मचारी। तदुक्तम् — ''स्मरणं कीर्त्तनं केलिः प्रेक्षणं गुह्यभाषणम्। सङ्कल्पोऽध्यवसायश्च क्रियानिर्वृतिरेव च॥ एतन्मैथुनमष्टाङ्गं प्रवदन्ति मनीषिणः। विपरीतं ब्रह्मचर्य्यमेतदेबाष्टलक्षणम्''॥ एतदष्ट विधमैथुनाभावः प्रशस्तिः। ''वर्णादब्रह्मचारिणि'' इतीनिप्रत्ययः। तस्य लिङ्गं चिह्नमस्यास्तीति वर्णिलिङ्गो ब्रह्मचारिवेशवानित्यर्थः। स नियुक्तः, वने चरतीति वनेचरः किरातः। ''भेदा किरातशवरपुलिन्दा म्लेच्छजातयः'' इत्यमरः। ''चरेष्ट'' इति टप्रत्ययः। ''तत्पुरुषे कृति बहुलम्'' इत्यलुक्। विदितं वेदनमस्यास्तीति विदितः परवृत्तान्तज्ञानवान् इत्यर्थः। ''अर्श आदिभ्योऽच्'' इत्यच्प्रत्ययः। अथवा कर्त्तरि कर्मधर्मोप्रचारात् विदितवृत्तान्तो विदित इत्युच्यते। उभयत्रापि ''पीता गावः'' ''भुक्ता ब्राह्मणाः'' ''विभक्ता भ्रातरः'' इत्यादिवत् साधुत्वं, न तु कर्त्तरि क्तः। सकर्म्मकेभ्यस्तस्य विधानाभावात्। अतएव भाष्यकारः — ''अकारो मत्वर्थीयः। विभक्तमेषामस्तीति विभक्ताः, जतरपदलोपोऽत्र द्रष्टव्यः। विभक्तधना विभक्ताः पीतोदकाः पीता भुक्तान्ना भुक्ता इति।'' अत्र लोपशब्दार्थ माह कैयटः— ''गतार्थप्रयोग एव लोपोऽभिमतः। ''विभक्ता भ्रातरः'' इत्यत्र च धनस्य यद्विभक्तत्वं तद्भ्रातृषूपचर्य्यते। ''पीता गावः'' इत्यत्राप्युदकस्य पीतत्वं गोषु आरोप्यते। ''भुक्ता ब्राह्मणा'' इत्यत्र ''अन्नस्य भुक्तत्वं ब्राह्मणेषु उपचर्य्यते'' इति। तद्वदत्रापि वृत्तान्तगतं विदितत्वं वेदितरि वनेचरे उपचर्य्यते। एतेन ''वनायपीतप्रतिबद्धवत्साम्'' इति ''पातुं न प्रथमं व्यवस्यति जलं युष्मास्वपीतेषु या'' एवमादयो व्याख्याताः। अथवा विदितो विदितवान् सकर्म्मकादप्यविवक्षिते कर्म्मणि कर्त्तरि क्तः। ''आशितः कर्त्ता'' इत्यादौ यथाहुः — ''धातोरर्थान्तरे वृत्तेर्धात्वर्थेनोपसंग्रहात्। प्रसिद्धेरविवक्षातः कर्म्मणोऽकर्म्मिका क्रिया'' इति। प्रतीहारादिना ज्ञापित इति वा। द्वैतवने द्वैताख्ये तपोवने। यद्वा द्वे इते गते यस्मात्तद्द्वीतं द्वीतमेव द्वैतम्। तच्च तद्वनञ्च तस्मिन्। शोकमोहादि रहिते इत्यथः, युधि रणे स्थिरं युधिष्ठिरं धर्म्मराजम्। ''हलन्तात् सप्तम्याः संज्ञायाम्'' इत्यलुक्। ''गवियुधिभ्यां स्थिरः'' इति षत्वम्। समाययौ सम्प्राप्तः। अत्र ''वने वनेचरः'' इति द्वयोः स्वरव्यञ्जनसमुदाययोरेकधैव आवृत्त्या वृत्त्यनुप्रासो नामालङ्कार। अस्मिन् सर्गे प्रायो वशस्थं वृत्तम्, तस्य लक्षणम् — ''जतौ तु यंशस्थमुदारितं जरौ'' इति॥ १ ॥

ঘণ্টাপথার্থ ঃ অতঃপর কাব্যশাস্ত্রে কবি ভারবি যশ, অর্থপ্রাপ্তি, অমঙ্গলনাশ এবং তৎক্ষণাৎ পরনিবৃত্তির নিমিত্ত ও কান্তার প্রতি মধুর উপদেশ নিমিত্তক — কাব্যের বহুপ্রকার শ্রেষ্ঠত্ব বিষয়ে আলঙ্কারিক বচনরূপ প্রমাণ থাকায় "কাব্যালাপ বর্জনীয়' বলে যে নিষেধ বাক্য আছে, তা অসৎকাব্য বিষয়ে — এই বিচার করে 'কিরাতার্জুনীয়' নামক মহাকাব্য রচনা করতে অভিলাষী হয়ে অভিলষিত বিষয়ের নির্বিঘ্নসমাপ্তি কামনায় আশীর্নমস্ক্রিয়া...ইত্যাদি রচনার প্রারম্ভ-বিষয়ক লক্ষণটি মনে রেখে বনেচরের যুধিষ্ঠিরপ্রাপ্তিরূপ বস্তুনির্দেশ করে, 'শ্রিয়' পদদ্বারা রচনা শুরু করেছেন। প্রথমেই শ্রীশব্দের প্রয়োগে বর্ণ ও গণাদির শুদ্ধি হয়েছে। যেহেতু প্রমাণ আছে যে, দেবতাবাচক শব্দ যদি বন্দনামূলকভাবে প্রযুক্ত হয়, তাহলে লিপি ও গণ বিষয়ে কখনও নিন্দনীয় হয় না।

কুরুদের নিবাস কৌরব রাজ্যের অধিপতি দুর্যোধনের সম্পর্কে বলা হয়েছে। তাঁর শ্রী অর্থাৎ রাজলক্ষ্মী সম্বন্ধে বলা হয়েছে। যার দ্বারা পালিত হয়, তাকে পালনী বা প্রতিষ্ঠাপিকা বলে। প্রজারঞ্জনই সম্পদ, সেহেতু প্রজাদের প্রতি ব্যবহার জানতে যুধিষ্ঠির বনেচরকে নিয়োগ করেছিলেন। যার বর্ণপ্রশস্তি আছে, তাকে বর্ণ বা ব্রহ্মচারী বলে। ব্রহ্মচারীর আটটি বৈশিষ্ট্য সম্পর্কে মনীষিগণ নির্দেশ করেন যে, (১) দৃঢ় স্মৃতিশক্তি, (২) সবিস্তর বর্ণনা করতে সক্ষমতা, (৩) প্রমোদ প্রিয়তা, (৪) কপটভাবশূন্যতা, (৫) গোপনে সত্যবক্তব্য প্রকাশক্ষমতা, (৬) দৃঢ়প্রতিজ্ঞা, (৭) সাহসের সঙ্গে কঠিন কাজ করার প্রবৃত্তি এবং (৮) প্রিয়জনের নিকট বক্তব্য প্রকাশ করার প্রবৃত্তি। এই আট রকম মৈথুনভাব-প্রশস্তি আছে। বর্ণ থেকে বর্ণী হয়েছে। তার লিঙ্গ অর্থাৎ চিহ্ন রয়েছে — এমন ব্যক্তি বর্ণিলিঙ্গী, ব্রহ্মচারী বেশধারী। বনে ঘুরে বেড়ায় যে, তাকে বনেচর বা কিরাত বলে। বিদিত — পরের বৃত্তান্ত সম্পর্কে জানার ইচ্ছা আছে — এমন ব্যক্তি। এখানে কর্তায় ক্ত প্রত্যয় হয়নি — সাধুত্ব হয়েছে, সকর্মক হেতু সেই বিধানের অভাব। অতএব ভাষ্যকারের নির্দেশ — আকারের প্রাধান্যতাহেতু যাদের ভাগ করা যায়, তারা বিভক্ত ; যাদের পান করা যায়, তারা পীত ; যাদের ভোগ করা যায়, তারা ভুক্ত। অথবা উত্তরপদ লোপ হলে — বিভক্তধন, পীত, উদক, ভুক্ত, অন্ন প্রভৃতি। লোপ শব্দার্থ সম্পর্কে কৈয়ট বলেছেন — গতার্থ প্রয়োগবশতঃ লোপের অভিমত — বিভক্ত ভ্রাতৃগণ স্থলে ধনের বিভাগ ভ্রাতৃগণের পক্ষে নির্দেশ করা হয়েছে। জলপান গরুর পক্ষে আরোপ করা হয়েছে এবং অন্নের ভোজন ব্রহ্মণদের উপর নির্দেশ করা হয়েছে। সেইরূপ বৃত্তান্তসকল বনেচরের পক্ষে বৃত্তান্তজ্ঞাত বলে নির্দেশ করা হয়েছে। প্রতীহারীর দ্বারা অবগত বুঝাচ্ছে। দ্বৈতবনে — দ্বৈতনামক তপোবনে, অথবা দুই গত হয় যেখানে ; তাই দ্বৈত অর্থাৎ শোক, মোহ প্রভৃতি — তা রহিত। যিনি যুদ্ধে স্থির, তিনি যুধিষ্ঠির ধর্মরাজ ; তাঁকে সম্প্রাপ্ত, তাঁর সঙ্গে মিলিত হয়েছিল।

এখানে স্বরব্যঞ্জনের আবৃত্তি হেতু বৃত্ত্যনুপ্রাস অলংকার। এই সর্গে প্রায়ই বংশস্থবিল ছন্দ, লক্ষণ — জতৌ তু বংশস্থমুদীরিতং জরৌ ইতি।

ব্যাকরণম্

শ্রিয়ঃ -- শ্রি + ক্বিপ্ শ্রী। 'কর্তৃকর্মণোঃ' ইতি কর্মণি ৬ষ্ঠী। শ্রী শব্দের ১মার ১বচন -- শ্রীঃ।

নিয়ম ঃ অবী লক্ষ্মী তরী তন্ত্রী শ্রী হ্রী ধীনামুনাদিতঃ।
স্ত্রীলিঙ্গানামমীষান্তু ন সুলোপঃ কদাচন ॥

কুরূণাম্ -- কুরূণাম্ নিবাসঃ ইত্যর্থে কুরু + অণ্ ইতি কুরবঃ। ৬ষ্ঠী বহুবচন। সূত্র -- জনপদেলুপ্ (পা. ৪।২।৮১)।

অধিপস্য -- অধি --- পা + ক — ইতি অধিপঃ। আতশ্চোপসর্গে (৩।১।১৩৫) ইতি। কঃ। শেষে ষষ্ঠী। 'তস্য'।

পালনীম্ -- পাল্যতে অনয়া ইতি পা + ণিচ্ + ল্যুট্ করণে + স্ত্রিয়াম্ ঙীপ্।

প্রজাসু — প্র --- জন্ + ড (কর্তরি)। 'উপসর্গে চ সংজ্ঞায়াম্' (৩।২৯৯)। স্ত্রিয়াং টাপ্। বিষয়াধিকরণে সপ্তমী।

অযুঙ্ক্ত — যুজ্ + লঙ্ ত।

বৃত্তিং — বৃৎ + ক্তিন্।

বেদিতুম্ — বিদ্ (অদাদি) + তুমুন্।

বর্ণিলিঙ্গী — বর্ণঃ অস্তি অস্যেতি বর্ণ + ইন্। বর্ণিনঃ লিঙ্গম্ ইতি (৬ষ্ঠী তৎ) বর্ণিলিঙ্গম্ অস্য অস্তি ইতি। বর্ণিলিঙ্গ + ইন্।

রাজনীতিশাস্ত্রকারগণ যথার্থ সংবাদ আহরণের জন্য রাজাকে পাঁচপ্রকার চর নিয়োগ করার নির্দেশ করেছেন। যথা — (১) কাপটিক, (২) উদাস্থিত, (৩) গৃহপতি, (৪) বৈদেহিক ও (৫) তাপস।

বিদিত — বিদ্ + ক্ত কর্তৃবাচ্য। এখানে বিদ্ ধাতু অদাদি। যথা,

বেত্তি বেদ বিদ জ্ঞানে বিন্তে বিদ বিচরণে।
বিদ্যতে বিদ্ সত্তায়াং লাভে বিন্দতি বিন্দতে ॥

অদাদি — বেত্তি ইত্যাদি।

রুধাদি — বিন্তে ইত্যাদি।

তুদাদি — বিন্দতি, বিন্দতে ইত্যাদি।

দিবাদি — বিদ্যতে, বিবিদে। অবিত্ত। বেত্তুম। বিন্ন। বেত্তা।

বেত্তস্তু বিদিতঃ নিষ্ঠা বিদ্যতে বিন্ন ইষ্যতে।
বিন্তে বিন্নশ্চ বিত্তশ্চ ভোগে বিত্তশ্চ বিন্দতে ॥

সমাযযৌ -- সম্-আ-যা + লিট্ ণল্।

যুধিষ্ঠিরম্ — যুধি স্থিরঃ ইতি যুধিষ্ঠিরঃ (অলুক ৭মী তৎ), তম্। গোবিযুবিভ্যাং স্থিরঃ' (পা ৮।৩।৯)

দ্বৈতবনে — যে ইতে গতে যস্মাৎ তৎ দ্বীতম্ (বহুব্রীহি) দ্বীতমেব ইতি দ্বৈতম্ দ্বৈতাখ্যং বনম্ (মধ্যপদলোপী কর্মধারয়ঃ) তস্মিন্।

বনেচরঃ — বনে চরতীতি বনেচরঃ (অলুক্ উপপদ তৎ)। বনে—চর্ + ট।

এই শ্লোকে বৃত্ত্যনুপ্রাস অলঙ্কার হয়েছে। তার লক্ষণ —

অনেকসৈক্যধা সাম্যমসকৃদ্বাপ্যনেকধা।
একস্য সকৃদপ্যেষ বৃত্ত্যনুপ্রাস উচ্যতে ॥

টিপ্পনী — দ্বৈতবন — প্রথমত এটিকে একটি জলাশয় বলা হয়েছে, আবার বন। সুতরাং এটি জলাশয় বেষ্টিত বন। মহাভারতে উল্লেখ আছে —

মমাপ্যেতন্মতং পার্থত্বয়া যৎসমুদাহৃতম্।
গচ্ছামঃ পুণ্যবিখ্যাতং মহদ্ দ্বৈতবনং সরঃ ॥

এখানে শোক এবং মোহ — এই দুটি গত হয়েছে অর্থাৎ নাই, তাই নাম দ্বৈতবন।

(২)

বিশ্বস্ত চর হিসাবে যুধিষ্ঠিরের নিকট বনেচরের নির্দ্বিধায় অপ্রিয় সত্য-ভাষণে উদ্যোগ।

কৃতপ্রণামস্য মহীং মহীভুজে
জিতাং সপত্নেন নিবেদয়িষ্যতঃ।
ন বিব্যথে তস্য মনো ন হি প্রিয়ং
প্রবক্তুমিচ্ছন্তি মৃষা হিতৈষিণঃ ॥ ২ ॥

কৃতপ্রণামস্য মহীং মহীভুজে জিতাং সপত্নেন নিবেদয়িষ্যতঃ।
ন বিব্যথে তস্য মনো ন হি প্রিয়ং প্রবক্তুমিচ্ছন্তি মৃষা হিতৈষিণঃ॥ ২ ।।

গদ্যপাঠ ঃ কৃতপ্রণামস্য সপত্নেন জিতাং মহীং মহীভুজে নিবেদয়িষ্যতঃ তস্য মনঃ ন বিব্যথে। হি হিতৈষিণঃ মৃষা প্রিয়ম্ বক্তুম্ ন ইচ্ছন্তি। ২

বাচ্যান্তরম্ ঃ মনসা.....হিতৈষিভিঃ.....ইষ্যতে। ২

শব্দার্থ ঃ কৃতপ্রণামস্য (প্রণামপূর্বক) সপত্নেন (শত্রুকর্তৃক) জিতাং মহীম্ (জিত হয়েছে পৃথিবী) মহীভুজে (রাজাকে) নিবেদয়িষ্যতঃ (নিবেদন করার সময়) তস্য (তাঁর) মনঃ (মন) ন বিব্যথে (ব্যথিত হল না)। হি (যেহেতু) হিতৈষিণঃ (মঙ্গলকামিগণ) মৃষা প্রিয়ম্ (মিথ্যা-প্রিয়বাক্য) বক্তুম্ (বলতে) ন ইচ্ছতি (চান না)। ২

বঙ্গার্থ ঃ রাজাকে প্রণাম পূর্বক শত্রু (কিভাবে) পৃথিবী জয় করেছে — একথা রাজাকে নিবেদন করার সময় তার মন ব্যথিত হল না। কারণ মঙ্গলাকাঙ্ক্ষিগণ মিথ্যা প্রিয়বাক্য বলতে ইচ্ছা করে না। ২

घण्टापथ टीका : सम्प्रति तत्कालोचितत्वमादेशयंस्तस्य तद्गुणसम्पन्नत्वमादर्शयन्नाह—कृतप्रणामस्येति। कृतप्रणामस्य तत्कालोचितत्वात् कृतनमस्कारस्य सपत्नेन रिपुणा दुर्य्योधनेन। "रिपौ वैरिसपत्नारिद्विषद्द्वेषणदुर्हृदः" इत्यमरः। जितां स्वायत्तीकृतां महीं महीभुजे युधिष्ठिराय, क्रियाग्रहणात् सम्प्रदानत्वम्। निवेदयिष्यतः ज्ञापयिष्यतः। "लृटः सद्वा" इति शतृप्रत्ययः। तस्य वनेचरस्य मनो न विव्यथे। कथमीदृगप्रियं राज्ञे विज्ञापयामीति मनसि न चचालेत्यर्थः। "व्यथ भयचलनयोः" इति व्ययधातोर्लिट्। उक्तमर्थमर्थान्तरोपन्यासेन समर्थयते — न हीति। हि यस्मात्, हितमिच्छन्तीति हितैषिणः स्वामिहितार्थिनः पुरुषा मृषा मिथ्याभूतं प्रियं प्रवक्तुं नेच्छन्ति। अन्यथा कार्य्यविधातकतया स्वामिद्रोहिणः स्युरिति भावः। "अमौढ्यममान्द्यममृषामाषित्वमभ्यूहकत्वं चेति चारगुणाः" इति नीतिवाक्यामृते ॥ २ ॥

ঘণ্টাপথার্থ ঃ সম্প্রতি সেই সময়োচিত আদেশ পালনকারীর গুণসম্পদ প্রদর্শন করে কৃতপ্রণামস্য ইত্যাদি শ্লোকটি বলা হয়েছে। সেই সময় উচিত হিসাবে (প্রভুকে) প্রণাম করে শত্রু দুর্যোধন কর্তৃক আয়ত্তীকৃত হয়েছে — যার রাজ্য সেই যুধিষ্ঠিরকে (অপ্রিয় বাক্য) নিবেদন করতে তার মন ব্যথিত হলো না। যেহেতু প্রভুর হিতার্থী ব্যক্তিগণ মিথ্যা প্রিয়বাক্য বলতে চান না। অন্যথায় (অর্থাৎ মিথ্যা প্রিয়বাক্য বললে) কার্যবিঘাতকতাবশতঃ স্বামিদ্রোহী হবে। নীতিবাক্যামৃতে চরের গুণ সম্পর্কে উক্তি হয়েছে যে — চরের মধ্যে মূঢ়তা, অলসতা, মিথ্যাবাদিতা ও কপটতা থাকবে না। ২

সংস্কৃত ব্যাখ্যা ঃ মহাকবি ভারবি-বিরচিতস্য 'কিরাতার্জুনীয়ম্' মহাকাব্যস্য প্রথমসর্গাদ্ গৃহীতোঽয়ং শ্লোকঃ।

কপটদূতেন হৃতরাজ্যেন যুধিষ্ঠিরেণ দ্বৈতবনে নিবসতা দুর্য্যোদনস্য প্রজাপালনবৃত্তিং বিজ্ঞাতুং নিযুক্তশ্চরো যদা তদ্ নিবেদয়িতুমুদ্যুঙ্‌ক্ত স্তদা তস্য সত্যভাষণ-প্রবৃত্তিং বর্ণয়িতুং কবিনা শ্লোকোঽয়মুক্তঃ।

কৃতপ্রণামস্য তৎকালোচিতত্বাৎ কৃত নমস্কারস্য সপত্নেন রিপুণা দুর্য্যোধনেন জিতাং স্বায়ত্তীকৃতাং মহীং মহীভূজে যুধিষ্ঠিরায় নিবেদয়িষ্যতঃ জ্ঞাপয়িষ্যতঃ তস্য বনেচরস্য মনঃ ন বিব্যথে। কথম্ ইদম্ অপ্রিয়ং রাজ্ঞে নিবেদয়িষ্যামি ইতি মনসি ন চচাল ইত্যর্থঃ। উক্তম্ অর্থম্ অর্থান্তরন্যাসেন সমর্থয়তে — ন হীতি — হি যস্মাৎ হিতম্ ইচ্ছন্তি ইতি হিতৈষিণঃ স্বামিহিতার্থিনঃ পুরুষঃ মিথ্যাভূতং প্রিয়ং প্রবক্তুং ন ইচ্ছন্তি। অন্যথা কার্যবিঘাতকতয়া স্বামিদ্রোহিণঃ স্যুরিতি ভাবঃ।

ততঃ দুর্যোধনস্য রাজ্যশাসননীতিবিষয়কানি বাক্যানি যদ্যপি যুধিষ্ঠিরস্য শ্রুতিসুখকরানি ন ভবেয়ুঃ তথাপি বনেচরস্তস্য প্রীতিসম্পাদনার্থং সত্যং সঙ্গোপ্য মৃষাভাষণং কথয়িতুং নৈচ্ছৎ। যতঃ হিতৈষিণঃ অপ্রিয়মপি সত্যমেব কথয়ন্তি। অপি চ রাজানঃ চারচক্ষুষঃ চরমুখাৎ যথার্থং বিষয়ং জ্ঞাত্বা কর্মবিধানং নীতিনির্ধারণং বা কর্তুং শক্যতে। অতঃ বনেচরেণ অপ্রিয়মপি সত্যভাষণং যথার্থং চারোচিতং কর্ম। যতঃ নীতিবাক্যামৃতে — 'অমৌঢ্যম্ অমান্দম্ অমৃষাভাষিত্বম্ অভ্যূহকত্বঞ্চ ইতি চারগুণাঃ।

অত্র অর্থান্তরন্যাস ইতি অলঙ্কারঃ। বংশস্থবিলবৃত্তম্।

বাংলা ব্যাখ্যা ঃ মহাকবি ভারবি বিরচিত 'কিরাতার্জুনীয়ম্' কাব্যের প্রথম সর্গের এই শ্লোকটি কবিরই উক্তিবিশেষ।

যুধিষ্ঠির কপট পাশাখেলায় বারো বছর বনবাস ও একবছর অজ্ঞাতবাসের পণে পরাস্ত হয়ে রাজ্য হারিয়ে যখন দ্বৈতবনে সপরিবারে বাস করেছিলেন, তখন আগামীদিনে রাজ্যপ্রাপ্তির আশায় দুর্যোধনের রাজ্যশাসন-বৃত্তান্ত জানাবার জন্য এক বনেচরকে গুপ্তচর হিসাবে নিযুক্ত করলে, সে শত্রুরাজ্যের বৃত্তান্তগুলি জেনে যুধিষ্ঠিরকে জানাতে আসে।

বনেচর দুর্যোধনের রাজ্যশাসন সম্পর্কে যে কথাগুলি বলেছিল, সেগুলি যুধিষ্ঠিরের পক্ষে আদৌ শ্রুতিসুখকর ছিল না। তথাপি বনেচর যুধিষ্ঠিরের প্রীতি সম্পাদনের জন্য তার জ্ঞাত তথ্যকে কোনরূপ বিকৃত না করেই নির্বিকার চিত্তে বলতে উদ্যত হয়েছিল।

কবি বনেচরের এই প্রবৃত্তিকে সমর্থন জানিয়ে বলেছেন — যাঁরা প্রকৃত হিতৈষী, তাঁরা কখনোও মিথ্যা রুচিকর বাক্য বলেন না। কারণ মিথ্যা দ্বারা প্রকৃত সত্যকে গোপন করলে সে সময় অপরের প্রীতি উৎপাদন করলেও ভবিষ্যতে বিপদের মুখে ঠেলে দেওয়া হয়। যা সত্য এবং যথার্থ, তা জানতে পারলে ভবিষ্যতের কর্মপন্থা নির্ধারণ করা সহজ হয়। সুতরাং হিতৈষী বা শুভানুধ্যায়ীদের সত্য রূঢ় হলেও কখনও তাকে গোপন করে প্রিয় মিথ্যা বলা উচিত নয়। বিশেষতঃ চরের যে চারটি বিশেষ গুণ — অমূঢ়তা, অনলসতা, অমিথ্যাবাদিতা ও অকপটতা — সেগুলি বনেচরের মধ্যে ছিল এবং এখানে সেকথা স্পষ্টভাবে প্রকাশিত হয়েছে।

ব্যাকরণম্

কৃতপ্রণামস্য —কৃতঃ প্রণামঃ যেন — (বহুব্রীহিঃ), তস্য।

মহীভুজে —মহীং ভুনক্তি পালয়তি ইতি মহীভুক্। (উপপদ তৎপুরুষ)। তস্মৈ ক্রিয়াযোগে ৪র্থী।

জিতাং — জি + কর্মণি ক্তঃ, স্ত্রিয়াং টাপ্।

সপত্নেন —সপত্নী ইব ইতি সপত্নঃ (ব্যন্ সপত্নে)। সহপততি অনেন ইতি সপত্নঃ। তেন।

নিবেদয়িষ্যতঃ —নি — বিদ্ + সতৃ — ৬ষ্ঠী ১বচন।

ব্যথে — ব্যথ্ + লিট্ এ।

হিতৈষিণঃ —হিতম্ ইচ্ছন্তি ইতি (উপপদ তৎপুরুষ), হিত + ইষ্ + ণিন্, কর্তরি ১মা।

এখানে অর্থান্তর ন্যাস অলঙ্কার হয়েছে। তার লক্ষণ সাহিত্য দর্পণে —

সামান্যং বা বিশেষেণ বিশেষস্তেন বা যদি।
যৎকার্যং কারণেনেদং কার্যেন চ সমর্থ্যতে ॥
সাধর্ম্যেনেতরেণার্থান্তরন্যাসোঽষ্টধা ততঃ ॥

টিপ্পনী -- মিথ্যা প্রিয় বাক্য ভাষণে নিষেধ। যথা ---

সত্যং ব্রূয়াৎ প্রিয়ং ব্রূয়াৎ ন ব্রূয়াৎ সত্যমপ্রিয়ম্।
প্রিয়ঞ্চ নানৃতংব্রূয়াদ্ এষ ধর্মঃ সনাতনঃ ॥

পর্যায় শব্দ ---

মহী

ভূর্ভূমিরচলানন্তা রসা বিশ্বম্ভরা স্থিরা।
ধরাধরিত্রী ধরণী ক্ষৌণী জ্যা কাশ্যপী স্থিতিঃ ॥
সর্বংসহা বসুমতী বসুধোর্বী বসুন্ধরা।
গোত্রা কুঃ পৃথিবী পৃথ্বী ক্ষ্মাবনির্মেদিনী মহী ॥

সপত্ন

রিপৌ বৈরী সপত্নারিদ্বিষদ্দ্বেষণদুহৃদঃ।
দ্বিড্বিপশ্চাহিতামিত্র দস্যুশাত্রব শত্রবঃ।
অভিঘাতি পরারাতি প্রত্যর্থি পরিপন্থিনঃ ॥

(৩)

বিদিত বৃত্তান্ত বলার জন্য বনেচর কর্তৃক যুধিষ্ঠিরের অনুমতি গ্রহণ।

'দ্বিষাং বিঘাতায় বিধাতুমিচ্ছতো
রহস্যনুজ্ঞামধিগম্য ভূভৃতঃ।
স সৌষ্ঠবৌদার্যবিশেষশালিনীং
বিনিশ্চিতার্থামিতিবাচমাদদে ॥ ৩ ॥

দ্বিষাং বিঘাতায় বিধাতুমিচ্ছতো রহস্যনুজ্ঞামধিগম্য ভূভৃতঃ।
স সৌষ্ঠবৌদার্য্যবিশেষশালিনীং বিনিশ্চিতার্থামিতি বাচমাদদে॥ ৩ ।।

গদ্যপাঠ ঃ সঃ রহসি দ্বিষাম্ বিঘাতায় বিধাতুম্ ইচ্ছতঃ ভূভৃতঃ অনুজ্ঞাম্ অধিগম্য সৌষ্ঠবৌদার্য বিশেষশালিনীম্ বিনিশ্চিতার্থাম্ ইতি বাচম্ আদদে। ৩

বাচ্যান্তরম্ ঃ তেন.....শালিনী বিনিশ্চিতার্থা ইতি বাক্ আদদে। ৩

শব্দার্থ ঃ স (সেই বনেচর) রহসি (নির্জনে বা একান্তে) দ্বিষাম্ বিঘাতায় (শত্রুদের বিনাশের জন্য) বিধাতুম্ ইচ্ছতঃ (উপায় অবলম্বন করতে ইচ্ছুক) ভূভৃতঃ (রাজার) অনুজ্ঞাম্ অধিগম্য (অনুমতি নিয়ে) সৌষ্ঠবৌদার্য (সুন্দর সুন্দর শব্দযুক্ত) বিশেষশালিনীম্ (বিশেষ অর্থশালী) [অর্থভূয়িষ্ঠ] বিনিশ্চিতার্থম্ (নিশ্চিতার্থক) বাচম্ আদদে (কথাগুলি বলেছিল)। ৩

বঙ্গার্থ ঃ শত্রুনাশের জন্য উপায় অবলম্বন করতে ইচ্ছুক রাজার (যুধিষ্ঠিরের)

অনুমতি নিয়ে সে (বনেচর) একান্তে শোভনশব্দবিশিষ্ট, অর্থভূয়িষ্ঠ এবং অসন্দিগ্ধার্থ (পরবর্তী) কথাগুলি বলেছিল।

ঘণ্টাপথ টীকা : তথাপি প্রিয়ার্হে রাজ্ঞি কটুনিষ্ঠুরোক্তিনা যুক্তেত্যাশঙ্ক্য স্বাম্যনুজ্ঞায়া ন দুষ্যতীত্যাশয়েনাহ — দ্বিষামিতি। রহসি একান্তে সঃ বনেচরঃ দ্বিষাং শত্রূণাম্, কর্ম্মণি ষষ্ঠী। বিঘাতায় দ্বিষো বিহন্তুমিত্যর্থঃ। ''তুমর্থাচ্চ ভাববচনাত্'' ইতি চতুর্থী। ''ভাববচনাচ্চ'' ইতি তুমর্থে ঘঞ্ প্রত্যয়ঃ। অত্রতাদর্থ্যে চতুর্থ্যমপি ন দোষঃ। তথাপি প্রয়োগবৈচিত্র্য-বিশেষস্যাপ্যলঙ্কারত্বাদেবং ব্যাচক্ষতে। বিধাতুং ব্যাপারং কর্ত্তুমিচ্ছতঃ। ''সমানকর্তৃকেষু তুমুন্'' দ্বিষো বিহন্তুমুদ্যুক্তমানস [জ্ঞান] স্যেত্যর্থঃ। অতএব ভূভৃতো যুধিষ্ঠিরস্য অনুজ্ঞামধিগম্য। সুষ্ঠু ভাবঃ সৌষ্ঠবং শব্দসামর্থ্যম্। সুষ্ঠুশব্দাদব্যয়াদুদ্গাত্রাদিত্বাদঙ্প্রত্যয়ঃ। উদারস্য ভাব ঔদার্য্যমর্থ সম্পত্তিঃ তয়োর্দ্বন্দ্বঃ সৌষ্ঠবৌদার্য্যে। অত্র ঔদার্য্যশব্দস্যাজাদ্যদন্তত্বেঽপি ''লক্ষণহেত্বোঃ ক্রিয়ায়াঃ'' ইত্যত্রাল্পস্বরস্যাপি হেতুশব্দস্য পূর্বনিপাতমকুর্বতা সূত্রকৃতৈব পূর্বনিপাতশাস্ত্রস্য অনিত্যত্বজ্ঞাপনান্ন পূর্বনিপাতঃ। উক্তঞ্চ কাশিকায়াম্ — ''অয়মেব লক্ষণহেত্বোরিতি নির্দেশঃ পূর্বনিপাতব্যভিচারচিহ্নম্'' ইতি। তে এব বিশেষঃ, তয়োর্বা বিশেষঃ। তেন শালতে শোভত ইতি সৌষ্ঠবৌদার্য্য বিশেষশালিনী তাং, তাচ্ছীল্যে ণিনিঃ। বিনিশ্চিতার্থাং বিশেষতঃ প্রমাণতো নির্ণীতার্থামিতি বক্ষ্যমাণরুপাং বাচমাদদে স্বীকৃতবান্ উবাচ ইত্যর্থঃ ॥ ৩ ॥

ঘণ্টাপথার্থ ঃ তথাপি প্রিয়জনের প্রতি অর্থাৎ রাজা যুধিষ্ঠিরের প্রতি কটুনিষ্ঠুর বাক্য বলা উচিত হবে না আশঙ্কায়, তাঁর আদেশে তা দূষণীয় হবে না ভেবে বনেচর একান্তে শত্রুনাশের জন্য উদ্‌যোগ গ্রহণেচ্ছু রাজা যুধিষ্ঠিরের আদেশ নিয়ে (পরবর্তী) কথাগুলি বলেছিল। তার কথাগুলি ছিল — শব্দসামর্থ্যে সুষ্ঠু, উদার অর্থসম্পত্তিবিশেষ-শোভিত ও প্রমাণের দ্বারা নির্ণীতার্থ। ।

নির্গলিতার্থ ঃ দ্বিষদ্‌বধোপায় নিরূপণে সতি বিবিক্তে ভূভৃত্ প্রাপ্য কৃতসমুচিতসদাচারঃ প্রসন্নেন রাজ্ঞা দত্তাম্ অনুজ্ঞাং প্রাপ্য স্ববিহিতং বেদ্যং রাজ্ঞে ন্যবেদয়ৎ। অনেন তস্য চরস্য উচিতজ্ঞত্বম্ ইঙ্গিতজ্ঞত্বং হিতৈষীত্বং চ প্রতীয়তে।

ব্যাকরণম্

দ্বিষাম্ — দ্বিষ + ক্বিপ্ = দ্বিট্। 'কর্তৃকর্মণোঃ কৃতি' সূত্রেণ কর্মণি ষষ্ঠী।

বিঘাতায় — বি — হন্ + ঘঞ = বিঘাত, 'তাদর্থ্যে চতুর্থী' অথবা তুমর্থাচ্চভাববচনাৎ' ইতি তুমর্থে চতুর্থী।

অনুজ্ঞাম্ — অনুজ্ঞা + অঙ্ (ভাবে)। সূত্র 'আতশ্চোপসর্গে' বৈকল্পিক পদ — অধিগতৌ বিবিক্ত বিজনচ্ছন্ন নিঃশলাকাস্তথরহঃ। অমরঃ

রহসি — অব্যয়।

সৌষ্ঠবৌদার্যবিশেষশালিনীম্ — সৌষ্ঠবঞ্চ ঔদার্যঞ্চ ইতি সৌষ্ঠবৌদার্যে (দ্বন্দ্বঃ)। তয়োঃ বিশেষঃ — (ষষ্ঠী তৎপুরুষ), তেন শালতে ইতি (উপপদ তৎ), তাম্।

বিনিশ্চিতার্থাম্ — বিনিশ্চিতঃ অর্থঃ যস্য (বহুব্রীহি) তাম্।
বিনিশ্চিতঃ — বি + নির্ + চি + কর্মণি ক্তঃ। সন্দিগ্ধার্থতাদি-নেয়ার্থাতাদি-দোষরহিতম্।
আদদে — আ — দা + লিট্ এ। 'আঙো দোঽনাস্যবিহরণে' ইতি আত্মনেপদম্।

টিপ্পনী — সৌষ্ঠবৌদার্যশালিনী বাক্ —

উৎকর্ষবান্ গুণঃ কশ্চিদ্ যস্মিন্নুক্তে প্রতীয়তে।
তদুদারাহ্বয়ং তেন সনাথা কাব্যপদ্ধতিঃ ॥
শ্লাঘ্যৈ বিশেষণৈর্যুক্তমুদারং কৈশ্চিদিষ্যতে ॥ (দণ্ডী)

(৪)

নিজের প্রযুজ্যমান বাক্যের জন্য ক্ষমা প্রার্থনা সূচক — বনেচরের প্রথম উক্তি —

'ক্রিয়াসুযুক্তৈর্নৃপ চারচক্ষুষো
ন বঞ্চনীয়াঃ প্রভবোঽনুজীবিভিঃ।
অতোঽর্হসি ক্ষন্তুমসাধু সাধু বা
হিতং মনোহারি চ দুর্লভং বচঃ ॥ ৪ ॥

ক্রিয়াসু যুক্তৈর্নৃপ চারচক্ষুষঃ ন বঞ্চনীয়াঃ প্রভবোঽনুজীবিভিঃ।
অতোঽর্হসি ক্ষন্তুমসাধু সাধু বা হিতং মনোহারি চ দুর্লভং বচঃ ॥ ৪ ॥

গদ্যপাঠ ঃ হে নৃপঃ! ক্রিয়াসুযুক্তৈঃ অনুজীবিভিঃ চারচক্ষুষঃ প্রভবঃ ন বঞ্চনীয়াঃ। অতঃ সাধু অসাধু বা ক্ষন্তুম্ অর্হসি। হিতং মনোহারি চ বচঃ দুর্লভম্। ৪

বাচ্যান্তরম্ ঃ .....যুক্তাঃ অনুজীবিনঃ.....প্রভূন্ ন বঞ্চয়েযুঃ। .....অর্হ্যতে। হিতেন মনোহারিণা বচসা দুর্লভন ভূয়তে। ৪

শব্দার্থ ঃ হে নৃপ! (হে মহারাজ!) ক্রিয়াসু (কর্মসমূহে) যুক্তৈঃ অনুজীবিভিঃ (যুক্ত ভৃত্যদের দ্বারা) চারচক্ষুষঃ প্রভবঃ (চারচক্ষু প্রভুগণ) ন বঞ্চনীয়াঃ (বঞ্চনার যোগ্য নয়) অতঃ (অতএব) সাধু-অসাধু বা (প্রিয় হোক বা অপ্রিয় হোক) ক্ষন্তুম্ অর্হসি (আপনার ক্ষমা কর্তব্য) হিতং মনোহারি (হিতকর অথচ মনোহর) বচঃ (বাক্য) দুর্লভম্ (দুর্লভ)। ৪

বঙ্গার্থ ঃ হে রাজন! কার্যে নিযুক্ত ভৃত্যদের চারচক্ষু প্রভুগণকে অর্থাৎ নৃপতিগণকে প্রতারণা করা উচিত নয়। অতএব (আমার কথা) প্রিয় হোক বা অপ্রিয় হোক — তা আপনি ক্ষমা করবেন। কারণ হিতকর অথচ মনোহর বাক্য (জগতে) দুর্লভ। ৪

ঘণ্টাপথ টীকা: প্রথমং তাবদপ্রিয়নিবেদকমাত্মানং প্রতি অক্ষোভং যাচতে — ক্রিয়াস্বিতি। হে নৃপ! ক্রিয়াসু কৃত্যবস্তুষু যুক্তৈর্নিযুক্তৈ: অনুজীবিভির্ভৃত্যৈ: চারাদিভিরিত্যর্থ:,

চরন্তীতি চরাঃ পচাদ্যচ্। ত এব চারাঃ, চরে পচাদ্যজন্তাত্ প্রজ্ঞাদিত্বাদণ্প্রত্যয়ঃ। ত এব চক্ষুর্যেষাং তে চারচক্ষুষঃ। ''স্বপরমণ্ডলকার্য্যকার্য্যবিলোকনে চারাশ্চক্ষূংষি ক্ষিতিপতীনাম্'' ইতি নীতিবাক্যামৃতে। তদুক্তম্ — ''গাবঃ পশ্যন্তি গন্ধেন বেদৈঃ পশ্যন্তি পণ্ডিতাঃ। চারৈঃ পশ্যন্তি রাজানশ্চক্ষুর্ভ্যমিতরে জনাঃ'' ইতি। প্রভবো নিগ্রহানুগ্রহসমর্থাঃ স্বামিনো ন বঞ্চনীয়া ন প্রতারণীয়াঃ, সত্যমেব বক্তব্যা ইত্যর্থঃ। চারাপচারে চক্ষুরপচারবদ্রাজ্ঞাং পদে পদে নিপাত ইতি ভাবঃ। অতোঽপ্রতার্য্যত্বাদ্ধেতোঃ অসাধু অপ্রিয়ং, সাধু প্রিয়ং বা, মদুক্তমিতি শেষঃ, বাশাব্দোঽপ্যর্থে। ক্ষন্তুং সোঢ়ু মর্হসি, কুতঃ, হিতং পথ্যং মনোহারি প্রিয়শ্চ বচো দুর্লভম্। অতো মদ্বচোঽপি হিতত্বাদপ্রিয়মপি ক্ষন্তব্যমিত্যর্থঃ॥ ৪ ॥

ঘণ্টাপথার্থ ঃ (বনেচর) প্রথমেই অপ্রিয় বাক্য নিবেদন করার জন্য তার প্রতি যাতে প্রভু ক্ষুব্ধ না হন, সেই উদ্দেশ্যে 'ক্রিয়াসু' ইত্যাদি উক্তিটি করেছিল। হে রাজন্! রাজার কৃত্যবিষয়ে নিযুক্ত চরপ্রভৃতি ভৃত্যদের চারচক্ষু রাজাদিগকে প্রতারণা করা উচিত নয় — সত্য বলাই উচিত। রাজাকে চারচক্ষু বলা সম্পর্কে নীতিবাক্যামৃতে উক্ত আছে —

গরু গন্ধ দ্বারা দর্শন করে, বেদজ্ঞান দ্বারা পণ্ডিতগণ দর্শন করেন। চরেদের দ্বারা রাজা দর্শন করেন এবং সাধারণ মানুষেরা চোখ দিয়ে দর্শন করে।

অতএব চরেদের রাজাকে প্রতারণা করা উচিত নয় বলেই আমি চর হিসাবে (সত্য) প্রিয় বা অপ্রিয় যাই বলি, তা আপনাকে সহ্য করতে হবে। বিশেষ করে হিতকর অথচ মনোজ্ঞ বাক্য দুর্লভ, অতএব আমার বাক্যও হিতকর বলে অপ্রিয় হলেও ক্ষমার যোগ্য।

সংস্কৃত ব্যাখ্যা ঃ মহাকবি.....শ্লোকঃ (পূর্ববৎ)।

কপটদ্যূতেন হৃতসর্বস্বেন দ্বৈতবনে নিবসতা যুধিষ্ঠিরেণ দুর্যোধনস্য প্রজাপালনবৃত্তিং বিজ্ঞাতুং নিযুক্তশ্চরো বনেচরো বিদিতবৃত্তান্তঃ প্রত্যাগম্য যুধিষ্ঠিরায় নিবেদনাৎ প্রাক্ অপ্রিয়নিবেদকম্ আত্মানং প্রতি অক্ষোভং যাচমান আহ ক্রিয়াসু ইতি।

হে নৃপঃ! ক্রিয়াসু কৃত্যবস্তুষু যুক্তৈঃ নিযুক্তৈঃ অনুজীবিভিঃ ভৃত্যৈঃ চারাদিভিঃ ইত্যর্থঃ। চরন্তি ইতি চরাঃ, তে এব চারাঃ তে এব চক্ষুঃ যেষাং তে চারচক্ষুষঃ। স্বপরমণ্ডলে কার্যাকার্যাবলোকনে চারাশ্চক্ষুংষি ক্ষিতিপতীনাম্ ইতি নীতিবাক্যামৃতে। তদুক্তম্ — 'গাবঃ পশ্যন্তি গন্ধেন বেদৈঃ পশ্যন্তি পণ্ডিতাঃ। চারৈঃ পশ্যন্তি রাজানশ্চক্ষুর্ভ্যামিতরে জনাঃ' ॥ প্রভব নিগ্রহানুগ্রহসমর্থাঃ স্বামিনঃ ন প্রতারণীয়া সত্যমেব বক্তব্যা ইত্যর্থঃ। অতঃ অপ্রতার্যত্বাদ্ হেতোঃ অসাধু অপ্রিয়ং সাধু প্রিয়ং বা মদুক্তম্ ইতি শেষঃ। ক্ষন্তুম্ সোঢ়ুম্ অর্হসি। কুতঃ হিতং পথ্যং মনোহারি প্রিয়ং চ বচঃ দুর্লভম্। ততো মদ্বচোঽপি হিতত্বাৎ অপ্রিয়মপি ক্ষন্তব্যম্।

যতঃ রাজানঃ চারৈরেব স্বরাষ্ট্রবৃত্তং পরারাষ্ট্রবৃত্তমপি জ্ঞাতুং শক্নুবন্তি কর্মপন্থানমপি নির্ণীয়ন্তে চ। অতঃ ক্রিয়াসু যুক্তৈঃ চারৈঃ মৃষা অপ্রিয়বচনেন রাজানঃ কদাপি ন বঞ্চনীয়াঃ।

যদ্যপি ইহজগতি প্রায়শঃ জনাঃ হিতং মনোহরঞ্চ আপ্তুমিচ্ছন্তি, কিন্তু জগতি এতে একত্র দুর্লভে এব। যথা জীবনদায়িনঃ অগদাঃ প্রায়েণ কটুরসান্বিতা ভবন্তি তথা পরিণামে

হিতকরা মনোহারিণী বাণী ন হি সুলভা। অতঃ বনেচরস্য বচনম্ অপ্রিয়মপি যুধিষ্ঠিরেণ স্বীকার্যমিতি ভাবঃ।

বাংলা ব্যাখ্যা ঃ ভারবি বিরচিত 'কিরাতার্জুনীয়ম্' মহাকাব্যের প্রথমসর্গের আলোচ্য শ্লোকটি যুধিষ্ঠিরের প্রতি বনেচরের প্রথম উক্তি।

মহারাজ যুধিষ্ঠির কপট পাশায় হৃতসর্বস্ব হয়ে দ্বৈতবনে থাকাকালে শত্রুরাজ্য-বৃত্তান্ত জানার জন্য যে বনেচরকে চর হিসাবে নিযুক্ত করেছিলেন, সেই বনেচর শত্রুরাজা দুর্যোধনের রাজ্যশাসন পদ্ধতি জেনে যুধিষ্ঠিরকে জানাবার পূর্বমুহূর্তে তাঁর বাক্যের রূঢ়তার জন্য ক্ষমা প্রার্থনা করে এবং কারণ প্রদর্শন করে এই বাক্যটি বলেছেন। বস্তুতঃ রাজা চরেদের সাহায্যেই স্বরাষ্ট্র ও পররাষ্ট্র-বিষয়ক তথ্যগুলি জানতে পারেন এবং তদনুসারে কর্মপন্থা নির্ধারণ করেন। তাই রাজকার্যে নিযুক্ত ভৃত্যদের কখনও সত্যকে গোপন করে মনোহর মিথ্যা ভাষণে রাজাকে বঞ্চনা করা উচিত নয়।

কবি এখানে অর্থান্তরন্যাসের আধারে একটি চিরন্তন সত্যকে প্রকাশ করেছেন — প্রিয় অথচ মঙ্গলকর বাক্য জগতে প্রায়ই দেখা যায় না। মানুষমাত্রই মঙ্গলকে যেমন কামনা করে, তেমনই যা মনোরম — তাও পেতে চায়। কিন্তু জগতের এমনই বৈচিত্র্য যে, মঙ্গল ও মনোরম — দুটি সর্বজন কাম্যবিষয়ের একত্র অবস্থান খুবই কম। যেমন — জীবনদায়ী ঔষধ হিতকর, কিন্তু কটু। অনুরূপ যে কথার পরিণামে হিত থাকে, সেকথা প্রায়ই শ্রুতিসুখকর হয় না। অভ্যুদয়কামী মানুষমাত্রই প্রিয় মিথ্যাভাষণ অপেক্ষা রূঢ় সত্যকে সমাদর করেন।

সুতরাং কবির অভিপ্রায় যে, বনেচরের যথার্থ ভাষণ রূঢ় হলেও যুধিষ্ঠির স্বীকার করে নেবেন।

ব্যাকরণম্

ক্রিয়াসু — কৃ + শ (ভাবে) স্ত্রিয়াং টাপ্। বিষয়াধিকরণে ৭মী।

যুক্তৈঃ — যুজ্ + কর্মণি ক্ত।

নৃপ — নৃন্ পাতি ইতি (উপপদ তৎ)। নৃ—পা—ক কর্তরি।

চারচক্ষুষঃ — চরন্তীতি চরাঃ তে এব চারাঃ। চারাঃ চক্ষুঃ যেষাং তে চারচক্ষুষঃ (বহুব্রীহিঃ)।

বঞ্চনীয়াঃ — বঞ্চ্ + ণিচ্ + অনীয়র্।

প্রভবঃ — প্র-ভূ + ড (বি-প্র-স-ভ্যো ভূসংজ্ঞায়াম্। পা ৩।২।১৮০)

অনুজীবিভিঃ — অনু-জীব + ণিনি (তাচ্ছিল্যে) অনুজীবিন্ অনুক্ত কর্তরি ৩য়া।

ক্ষন্তুম্ — ক্ষম্ — তুমুন্।

হিতম্ — ধা + কর্মণি ক্ত।

মনোহারি — মনো হর্তুং শীলমস্য ইতি মনস্-হৃ + ণিনি।

দুর্লভম্ — দুঃখেন লভ্যতে ইতি দুর্-লভ + খল্ কর্মণি।

টিপ্পনী — হিতং মনোহারি চ দুর্লভং বচঃ — বাক্যের সমতুল বাক্য —

সুলভাঃ পুরুষা রাজন্ সততং প্রিয়বাদিনঃ।
অপ্রিয়স্য চ পথ্যস্য বক্তা শ্রোতা চ দুর্লভঃ ॥ (রামায়ণ ৩।৩৭।২)

(৫)

বনেচরের দ্বিতীয় উক্তি — সমৃদ্ধিলাভের জন্য রাজার বিশ্বস্ত অনুচরদের পরামর্শ গ্রহণ এবং তাঁদের সঙ্গে সুসম্পর্ক স্থাপন করা উচিত।

'স কিংসখা সাধু ন শাস্তি যোঽধিপং
হিতান্ন যঃ সংশৃণুতে স কিম্প্রভুঃ।
সদানুকূলেষু হি কুর্বতে রতিং
নৃপেষ্বমাত্যেষু চ সর্বসম্পদঃ ॥ ৫ ॥

স কিংসখা সাধু ন শাস্তি যোঽধিপং হিতান্ন যঃ সংশৃণুতে স কিম্প্রভুঃ।
সদানুকূলেষু হি কুর্বতে রতিং নৃপেষ্বমাত্যেষু চ সর্বসম্পদঃ ॥ ৫ ॥

